



Association for Protection of Democratic Rights

গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি

Eternal Vigilance is the Price of Liberty

18 Madan Baral Lane, Kolkata - 700 012

Website: www.apdrwb.in Email: apdr.wb@gmail.com

Contact: +919432276415/ +918981416511

প্রেস বিবৃতি

কলকাতাঃ সোমবার, ২৪শে মে, ২০২১

জনবিরোধী তিন কালা কৃষি আইন ও ফসলের ন্যূনতম সহায়ক মূল্যের আইনী সুরক্ষার দাবীতে দিল্লির সীমান্তবর্তী অঞ্চলগুলিতে ২৬শে নভেম্বর ২০২০ থেকে অবস্থানরত কয়েক লক্ষ কৃষকের ঐতিহাসিক আন্দোলন ছয়মাস অতিক্রান্ত করতে চলেছে। এই তিন কালা কানুন রদের দাবীর মাধ্যমে সাধারণ মানুষের খাদ্য নিরাপত্তার দাবীকে অত্যন্ত সোচ্চার করে তুলে এই আন্দোলন সাধারণ জনতার সামগ্রিক অধিকার রক্ষার আন্দোলনে পরিণত হয়েছে।

একদিকে সরকারের বিশ্বস্ত সংবাদমাধ্যমগুলির অবিরাম কুৎসা ও অপপ্রচার এবং অন্যদিকে শাসকদলের পক্ষ থেকে ‘খালিস্তানপন্থী’, ‘চীন পাকিস্তানের দালাল’ ইত্যাদি অভিধা দিয়ে আন্দোলনকে ভাঙা ও জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা চলেছে। তা সত্ত্বেও সারাদেশ জুড়ে কৃষক আন্দোলনের সপক্ষে সংহতিমূলক আন্দোলন গড়ে উঠেছে। আন্দোলনের চাপে সরকার কৃষকপক্ষের সাথে বৈঠকে বসেছে কিন্তু কয়েকটি সংশোধন ছাড়া কোনো রকম দাবী না মানার পক্ষে অনড় থেকেছে।

২৬শে জানুয়ারীর দিল্লি সমাবেশে সরকারী মদতে ও পরিকল্পনায় সংঘটিত বিচ্ছিন্ন বিশৃঙ্খলাকে কেন্দ্র করে সংগঠনগুলির নেতৃত্বকে বিভিন্ন মামলায় জড়ানো, ভয় দেখানোর চেষ্টা করা ও তারপর কাঁটাতার, পেরেক দিয়ে অবস্থানস্থলকে ব্যারিকেড করে রেখে চরম উপেক্ষা – কোনোটাই আন্দোলনরত কৃষকদের মনোবল ভাঙতে পারেনি।

স্বাধীনতাপরবর্তী সময়ের এই অভূতপূর্ব আন্দোলন কতকগুলি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য নিয়ে আমাদের সামনে উপস্থিত হয়েছে।

- কর্পোরেট তথা বিজেপি সরকারের নয়নের মণি আদানী আস্থানী গোষ্ঠীর হাতে ভারতীয় কৃষিব্যবস্থার নিয়ন্ত্রণ তুলে দেওয়াই এই তিন কৃষি আইনের মূল লক্ষ্য – এই সত্যকে প্রথম থেকেই অত্যন্ত জোরের সঙ্গে জনগণের সামনে উদ্ঘাটন করেছে এই আন্দোলন।
- কৃষিতে কর্মরত মহিলা কৃষক ও কৃষকপরিবারের মহিলাদের ব্যাপক ও সক্রিয় অংশগ্রহণ এবং আন্দোলনের প্রথম সারিতে আক্রমণের মুখে তাঁদের সাহসী অবস্থান আন্দোলনকে অনন্যসাধারণ মাত্রা দিয়েছে।
- সম্প্রদায়গত বৃত্ত ভেঙে কৃষক জনতার আন্দোলনে যোগদান বিশেষতঃ দাঙ্গা-পরবর্তী সময়ে হিন্দু-মুসলমানে আড়াআড়ি বিভাজিত মুজফফরনগরে কৃষকদের বিভাজন ভেঙে আন্দোলনে যোগদান ফ্যাসিবাদী গৈরিক আগ্রাসনের বিরুদ্ধে মানুষের আন্দোলনকে নতুনতর শক্তি প্রদান করেছে।
- প্রথমদিকে ধনী ও মধ্য চাষীদের আন্দোলন হিসেবে শুরু হলেও ছোট, প্রান্তিক কৃষক ও কৃষিমজুরদের ক্রমশঃ যোগদান বিশেষতঃ দলিত কৃষিমজুরদের অংশগ্রহণ আন্দোলনকে বহুমাত্রিক করে তুলেছে।

বিভিন্ন প্রদেশের নারী-পুরুষ নির্বিশেষে কৃষকের অংশগ্রহণই শুধু নয়, সমাজের বিভিন্ন স্তরের মানুষদের স্বতঃস্ফূর্ত যোগদান এই আন্দোলনকে জনতার উৎসবে পরিণত করেছে। কিন্তু দুর্ভাগ্যজনক হলেও এটাও ঘটনা যে আমাদের সংগঠনের এক মহিলা অধিকাররক্ষাকর্মী আন্দোলনস্থলে যৌন হেনস্থার শিকার হয়েছেন ও পরবর্তীকালে কোভিডে আক্রান্ত হয়ে মারা গেছেন। সংযুক্ত কিষাণ মোর্চা অত্যন্ত দৃঢ়ভাবে অপরাধীদের শাস্তির দাবী করেছে এবং আইনী তদন্তে সাহায্য করছে। মোর্চা ভবিষ্যতে এইধরনের ঘটনা রোধ করা এবং ঘটনা ঘটলে ব্যবস্থা গ্রহণের কার্যক্রম নিয়েছে।

এপিডিআর আশা করে, সংক্রামক কোভিড পরিস্থিতি সাবধানতার সঙ্গে অতিক্রম করে এই আন্দোলন আবার সারা ভারতে প্রবল জনসমর্থন আদায় করে নিতে পারবে। সাধারণ মানুষের স্বার্থেই বাংলাদেশ ভারতের সব রাজ্যেই এই আন্দোলনের দাবীগুলির পক্ষে জোরালো আওয়াজ ওঠার প্রয়োজন আছে বলে এপিডিআর মনে করে।

এপিডিআর দাবী করে কেন্দ্রীয় সরকার অবিলম্বে সংযুক্ত কিষাণ মোর্চার সঙ্গে আলোচনায় বসে তাদের দাবীগুলির মীমাংসা করুক এবং কৃষক আন্দোলন ভাঙ্গার চক্রান্ত থেকে সরে আসুক।

ধীরাজ সেনগুপ্ত

General Secretary
Association For Protection
Of Democratic Rights